

২৪ নং

সুর--রামপ্রসাদী

আমি কি দেখিলাম রূপ মাধুরী ।

কোটা সূরষ হেরে গিয়ে আছে রে চরণে পড়ি ॥

১। ঢল ঢল চরণপদ্মে ভক্ত ভ্রমর পড়ছে উড়ি ।

আনন্দে তায় নাচ্ছে গঙ্গা শোভা কিবা আহা মরি ॥

২। তরুণ অরুণ কান্তি জ্যোতিঃ উড়ে সারি সারি ।

হায়রে, পাগল করেছে হিয়া আঁখি পালটিতে নারি ॥

৩। আয়ত লোচনে যে তাঁর কৃপা-সিন্ধু আছে ভরি'

সে যেদিকে চায় সেই দিকে গড়ায় বিন্দু বিন্দু সদায় ঝরি' ॥

৪। অরূপের রূপ নিয়ে এবার, ওড়াকান্দী এলেন হরি ।

সে যে গুরুচাঁদ সেই রূপের মানুষ রূপ ছড়া'ল জগৎ ভরি ॥

৫। রূপ সাগরে কূল নাহি তার, সে রূপেতে নাউরে পাড়ি ।

কেন্দে গোপাল বলে আয় সকলে ঐ রূপসাগরে ডুবে মরি ॥

---মহানন্দ হালদার

২৫ নং

তাল--একতালা

জয় শ্রীহরি গুরুচাঁদ প্রমথরঞ্জন বিশ্ব ভগবান ।

প্রভু জীব তারিতে অবনীতে করলে ওড়াকান্দী আগমন ॥

১। সুন্দর অমল কান্তি দেখিলে হয় মনে শান্তি ।

নাশিবারে মনোভ্রান্তি প্রভুর ক্ষীরোদ হ'তে অবতরণ ॥

২। জয় শান্তি সত্যভামা, জয় দেবী হে বীণাপাণি মা ।

(মাগো) জীবেরে করিতে করুণা করুণাময়ী নাম ধারণ ॥

৩। জয় প্রভু গোপালচন্দ্র, পতিত আবাদকারী হে দীনবন্ধু ।

তমঃ সন্দ নাশ করি, হরিনাম বিতরী উদ্ধারিলে বিশ্বজন ॥